

এক সুন্দরী রমণীকে

একটু দাঁড়িয়ে যান, এক মিনিট, এই রাত্তায় উপরেই
চতুর্ধারের উৎসুক প্রতীক্ষমান হৃদয়গুলি একটু দ্রাবিত হোক !

চায়ের দোকান, পাশের গুমটি, ঠাণ্ডা পানীয়ের স্টল থেকে
আপনার রূপরেখার প্রেমিকেরা একটু জুলে উঠুক, অঞ্চল হোক !

এবার চলে যান --- রাগ - রাগিনী ছড়িয়ে; হৃদয়ও হারাবো না,
দৈহিক ক্ষতিও হবে না, বালসিত তরবারির দৃশ্য আঙ্গিকে ।

সামান্য গিয়ে ফিরে তাকান, এই এক মিনিটের চাবুক কী তীব্র !
আপনার নিষ্ঠল অসামান্য প্রেমিকেরা শুন্যে ভাসমান, কেবলই ঠোঁট চাটছে !

লক্ষ্মীকান্ত ঘোষ

